

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৯৪. পিতার মৃত্যুর পর তাঁর স্ত্রীকে বিবাহ্ করা

পিতার মৃত্যুর পর তাঁর স্ত্রীকে তথা সতাই মাকে বিবাহ্ করা হারাম। আল্লাহ্ তা'আলা বলেন:

«وَلَا تَنْكِحُوْا مَا نَكَحَ أَبَآ وُكُمْ مِّنَ النِّسَآءِ إِلاَّ مَا قَدْ سَلَفَ، إِنَّهُ كَانَ فَاحِشَةً وَّمَقْتًا، وَسَآءَ سَبِيْلًا».

"তোমরা নিজেদের বাপ-দাদার স্ত্রীদেরকে বিবাহ্ করো না। তবে যা গত হয়ে গেছে তা আল্লাহ্ তা'আলা ক্ষমা করে দিবেন। নিশ্চয়ই তা অশ্লীল, অরুচিকর ও নিকৃষ্টতম পন্থা"। (নিসা': ২২)

বারা' (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমার চাচার সঙ্গে আমার সাক্ষাৎ হয়। তার হাতে ছিলো একখানা ঝান্ডা। আমি তাকে জিজ্ঞাসা করলাম: আপনি কোথায় যাচ্ছেন? তিনি বললেন:

بَعَثَنِيْ رَسُوْلُ اللهِ ؟ إِلَى رَجُل نَكَحَ إِمْرَأَةَ أَبِيْهِ ؛ فَأَمَرَنِيْ أَنْ أَضْرِبَ عُنُقَهُ، وَآخُذَ مَالَهُ.

"আমাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন এক ব্যক্তির নিকট পাঠিয়েছেন যে নিজ পিতার স্ত্রী তথা তার সৎ মায়ের সঙ্গে বিবাহ্ বন্ধনে আবদ্ধ হয়েছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে আদেশ করেছেন তার গর্দান কেটে দিতে এবং তার সম্পদ হরণ করতে"। (আবূ দাউদ ৪৪৫৭; ইন্দু মাজাহ্ ২৬৫৬)

হে আল্লাহ্! আপনি আমাদের সকলকে উক্ত হারাম ও কবীরা গুনাহ্সমূহ থেকে বাঁচার তাওফীক দান করুন। আ'মীন সুম্মা আ'মীন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6870

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন